গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন সংযোগ অধিশাখা
www.cabinet.gov.bd

স্মারক নম্বর-০৪.০০.০০০০.৫১২.৮২.০১৫.১৪-৫০৮

তারিখ ০৯ কার্তিক ১৪২৪ / ২৪ অক্টোবর ২০১৭

বিষয়: "ডিজিটাল বাংলাদেশ" বিনির্মাণের নিমিত্ত .bd ও .বাংলা ডোমেইন নিবন্ধন বাধ্যতামূলক এবং ডায়নামিক ওয়েব সাইট তৈরিকরণ সংক্রান্ত।

সূত্র: ডাক ও টেলিযোগাযোগ বিভাগের স্মারক নম্বর: ১৪.০০.০০০০.০১০.১৮.০২৬.১৭.৪৯৯ তারিখ: ১৭.১০.১৭

উপর্যুক্ত বিষয়ে সূত্রে উল্লিখিত স্মারক ও এর সঙ্গে সংযুক্ত চিত্রপ্রতিলিপি এইসঙ্গে প্রেরণ করা হল। বাংলাদেশ টেলিকমিউনিকেশনস কোম্পানি লিমিটেড-এর পত্রের বর্ণিত নির্দেশিকা অনুযায়ী বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসক এবং তাঁদের আওতাধীন অফিসসমূহের জন্য ডায়নামিক ওয়েবসাইট তৈরি এবং .bd ও .বাংলা ডোমেইন বাধ্যতামূলকভাবে নিবন্ধনের জন্য অনুরোধ জানানো হয়েছে।

০২। এমতাবস্থায়, উল্লিখিত বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্ত: চার পৃষ্ঠা।

(মঈনউল ইসলাম)
উপসচিব
ফোন: ৯৫৭৫৪৪৭
ই-মেইল: dfal_sec@cabinet.gov.bd

১। বিভাগীয় কমিশনার
-------------------------------(সকল)।
২। জেলা প্রশাসক
-------------------------------(সকল)।

<u>অনুলিপি:</u>
সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

---

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট।
(আইসিটি শাখা)

স্মারক নং- ০৫.৪৬.৯১০০.০২৪.৩৫.০০১.১৬.২৮৬

তারিখ : ২২ কার্তিক ১৪২৪ / ০৬ নভেম্বর ২০১৭

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।
১। ................................ কর্মকর্তা, ................................ কার্যালয়, সিলেট।
২। উপজেলা নির্বাহী অফিসার, .................. (সকল), সিলেট।

সহকারী কমিশনার
আইসিটি শাখা
জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট।
ফোন: ৭১৬০৪১
ই-মেইল: acictsylhet@gmail.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
টেলিকম-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং-১৪.০০.০০০০.০১০.১৮.০২৬.১৭.৪৯৯

তারিখঃ ০২ কার্তিক, ১৪২৪ / ১৭ অক্টোবর, ২০১৭

**বিষয়ঃ মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত ভিশন-২০২১ এর "ডিজিটাল বাংলাদেশ" বিনির্মাণের সহযোগিতায় মন্ত্রণালয়-সমূহের অধীনস্থ সকল প্রতিষ্ঠান ও অঙ্গপ্রতিষ্ঠানের সেবা কার্যক্রমের স্বচ্ছতা, জবাবদিহিতাসহ কেন্দ্রীয় সাইবার জগতের একমাত্র আভিজাত্যের প্রতিক .bd ও .বাংলা ডোমেইন নিবন্ধন বাধ্যতামূলক করতঃ প্রতিটি প্রতিষ্ঠানের ডায়নামিক ওয়েবসাইট তৈরী ও তা চলমান রাখার জন্য নিবিড় তদারকির নিমিত্ত কমিটির মাধ্যমে কার্যক্রমটি ত্বরান্বিত করার জন্য জেলা প্রশাসনের কার্যালয় থেকে সংশ্লিষ্ট প্রশাসনিক নির্দেশনা জারীকরণ প্রসঙ্গে।**

সূত্রঃ বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানি লিমিটেড এর পত্র নম্বর-১৪.৩৩.০০০০.০৪৬.১৮.০০৮.১৬, তারিখঃ ১৯/০৯/২০১৭ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোস্থ স্মারকের মাধ্যমে প্রাপ্ত পত্রের ছায়ালিপি এতদসঙ্গে প্রেরণ করা হলো। উক্ত পত্রের মর্মানুযায়ী সকল মন্ত্রণালয়/বিভাগ, বিভাগীয় কমিশনার এবং জেলা প্রশাসকগণকে তাদের অধীনস্থ সকল দপ্তর/সংস্থা কর্তৃক বিটিসিএলের .bd ও .বাংলা ডোমেইন বাধ্যতামূলকভাবে রেজিস্ট্রেশন ও ডায়নামিক ওয়েবসাইট তৈরির নির্দেশনা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ ০৪ (চার) পাতা।

মোছাঃ মাজেদা ইয়াসমীন
উপসচিব
ফোনঃ ৯৫৭৫৫৫৬
telecom1@ptd.gov.bd

মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি :

১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানী লিমিটেড, ঢাকা।

প্রতি,
সচিব
ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রনালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।

বিষয়ঃ **মাননীয় প্রধানমন্ত্রীর ঘোষিত ভিশন ২০২১ এর "ডিজিটাল বাংলাদেশ" বিনির্মাণের সহযোগিতায় মন্ত্রণালয় সমূহের অধিনস্ত সকল প্রতিষ্ঠান ও অঙ্গপ্রতিষ্ঠান এর সেবা কার্যক্রমের স্বচ্ছতা, জবাবদিহিতাসহ কেন্দ্রীয়ভাবে তদারকি নিশ্চিৎ করার লক্ষ্যে বাংলাদেশ সরকারের সাইবার জগতের একমাত্র আভিজাত্যের প্রতীক .bd ও .বাংলা ডোমেইন নিবন্ধন বাধ্যতামূলক করতঃ প্রতিটি প্রতিষ্ঠানের ডায়নামিক ওয়েব সাইট তৈরী ও তাহা চলমান রাখার জন্য নিবিড় তদারকির নিমিত্তে কমিটির মাধ্যমে কার্যক্রমটি ত্বরান্বিত করার জন্য জেলা প্রশাসনের কার্যালয় থেকে সংশ্লিষ্ট প্রশাসনিক নির্দেশনা জারীকরণ প্রসঙ্গে।**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ভিশন ২০২১ এর ডিজিটাল কার্যক্রম বাস্তবায়ন ও বিনির্মাণে সর্বক্ষেত্রে স্বয়ংক্রিয় সেবা তথা ওয়েবভিত্তিক অনলাইন সেবা ব্যবস্থা শুরু হয়েছে এবং জনগণ এর যথার্থ সুবিধা পাচ্ছেন। এই ডিজিটাল কার্যক্রমের পথিকৃৎ মাননীয় প্রধানমন্ত্রীর আইসিটি উপদেষ্টার তত্বাবধানে a2i প্রকল্পের নির্দেশনায় সর্বাগ্রে দেশের সরকারি প্রতিষ্ঠানসমূহে ডাইনামিক ওয়েবসাইট তৈরি ও স্বয়ংক্রিয় সেবা প্রবর্তন হয়। তারই ধারাবাহিকতায় সরকারি প্রতিষ্ঠানসমূহে .bd ডোমেইন এর আওতায় বেশ কিছু ওয়েবসাইট চালু হয়েছে। ইতিপূর্বে যার ধারাবাহিকতায় বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রানালয়ে অধিনস্ত মাধ্যমিক পর্যায়ের প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠান সমূহের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিৎ করতে .edu.bd তে ডোমেইন নিবন্ধন (Registration) উত্তর ওয়েবসাইট-এ কি কি অপশন থাকবে তার নির্দেশনাসহ প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের নামে ডায়নামিক ওয়েবসাইট তৈরি করার জন্য আদেশপত্র জারী করেন। প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠান এর নামে ডায়নামিক ওয়েবসাইট তৈরি করার জন্য আদেশপত্র জারী করাটা বর্তমান সরকারের জন্যেও ছিল সময়ের যৌক্তিক দাবি। শিক্ষা মন্ত্রণালয় উহার সকল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানের ডায়নামিক ওয়েবসাইট তৈরীর নির্দেশনা প্রদানে যে বাস্তব এবং অগ্রণী ভূমিকা পালন করেছেন তার জন্যে সাধুবাদ পাওয়ার সফল দাবিদার। যারপরনাই শিক্ষাপ্রতিষ্ঠান সমূহে ডিজিটাল যুগের চাহিদায় এক বিরাট বৈপ্লবিক পরিবর্তন সংঘটিত হয়েছে তাহা প্রতীয়মান। এতে করে শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষা ব্যবস্থায় স্বচ্ছতা জবাবদিহিতার আওতায় আনা সম্ভব হয়েছে। এছাড়াও যথাযথ পদক্ষেপ নিলে ভবিষ্যতে কেন্দ্রীয়ভাবে তদারকি ব্যবস্থা প্রণয়ন সহজতর হবে।

এই স্বয়ংক্রিয় ওয়েব ভিত্তিক সেবার আসল প্রাণ হল ডোমেইন। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী বিগত ৩১/১২/২০১৬ খ্রিঃ তারিখে .বাংলা(ডট বাংলা) ডোমেইন আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করেন। ডাক ও টেলিযোগাযোগ এবং তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়-এর ডাক ও টেলিযোগাযোগ বিভাগ-এর আওতায় বিটিসিএল এই .bd ও

**.বাংলা** ডোমেইন পরিচালনার দায়িত্ব পালন করছে। ওয়েবে বাংলা ভাষার সার্বিক ও সার্বজনীন ব্যবহারের লক্ষ্যে বাংলাদেশ সরকার অনন্ত প্রচেষ্টার মাধ্যমে বিগত ৪ঠা অক্টোবর, ২০১৬ তে .বাংলা আন্তর্জাতিক ডোমেইন নিয়ন্ত্রনকারী সংস্থা Internet Corporation for Assigned Names and Numbers (ICANN) এর আনুষ্ঠানিক প্রশাসনিক অনুমোদন লাভ করে। এখানে বলা প্রয়োজন **.বাংলা** এর জন্য শক্তিশালী ভারত ও সিয়েরালিয়ন এর আবেদন সত্ত্বেও ২১শের মাতৃভাষার বিরল ইতিহাস সৃষ্টিকারী বীর বাঙালী জাতীর স্বীকৃতি ও সরকারের ঐকান্তিক প্রচেষ্টার কারনে বাংলাদেশের আবেদন গৃহীত হয়। সে মতে মন্ত্রনালয়ের নির্দেশনায় বিটিসিএল ইতিমধ্যেই .bd ও .বাংলা ডোমেইন নিবন্ধন, নবায়ন ও উহার মূল্য পরিশোধের স্বয়ংক্রিয় ব্যবস্থা (online system) প্রণয়ন করেছে এবং খুব শীঘ্রই বিটিসিএল Hosting সেবাও অনলাইনে চালু করতে যাচ্ছে। ইহার পাশাপাশি বিটিসিএল ব্যাপক জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে **ডাক ও টেলিযোগাযোগ বিভাগ** এর মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের নির্দেশক্রমে মাসব্যাপী ২১শে বই মেলায় নিজস্ব স্টলে ব্যাপক প্রচার কার্যক্রম হাতে নিয়েছিল। উপরন্তু জাতীয় দৈনিক পত্রিকাতেও এ লক্ষ্যে যথাযথ প্রচার চালানো হয়েছিল। এছাড়াও বিটিসিএল এর নিজস্ব ওয়েবসাইটে বিশেষ ব্যানারে এর ধারাবাহিক প্রচার এখন পর্যন্ত অব্যাহত আছে। তবে পরিতাপের বিষয় এই যে, ডোমেইন ব্যবস্থাপনায় আধুনিক সুবিধা প্রণয়ন করা স্বত্তেও .বাংলা ডোমেইন সরকারি, বেসরকারি সহ গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠানের রেজিষ্ট্রেশন/নিবন্ধন এখনও আশানুরুপ সাড়া পড়েনি বললেই চলে। তাই সরকারের এই মহতী উদ্যোগের বাস্তবায়ন ও বাংলা ভাষার সাইবার মিডিয়ার ব্যবহার ওয়েবে ব্যাপক প্রচলনের লক্ষ্যে সকল সরকারি প্রতিষ্ঠানের পাশাপাশি বেসরকারি প্রতিষ্ঠান সমূহকে সম্পৃক্তকরণ আবশ্যক এবং তার সাথে প্রশাসনিক নির্দেশপত্র জারী করা প্রয়োজন।

এই নির্দেশপত্র জারীর মাধ্যমে ডিজিটাল প্রযুক্তির ব্যবহার বহুলাংশে বৃদ্ধি ও টেকশই অবস্থান সৃষ্টির লক্ষ্যে নিম্নে উল্লেখিত মন্ত্রণালয় সমূহের অধিনাস্থ দপ্তর, অধিদপ্তর এর আওতায় সকল সুবিধা ভোগী প্রতিষ্ঠান সমূহের স্বচ্ছতা ও **জবাবদিহিতাসহ** কেন্দ্রীয়ভাবে তদারকি নিশ্চিৎ করতে .bd তে ডোমেইন নিবন্ধন (Registration) এবং নবায়ন কার্যক্রম অব্যাহত রাখা এবং সাথে সাথে এর ওয়েব তথ্য ইংরেজী ভাষার পাশাপাশি বাংলা ভাষায় তথ্য রূপান্তর করলে সাইবার জগতে দেশ পরিচিতি ও বাংলা ভাষার ব্যবহার নিঃসন্দেহে বিস্তার লাভ করবে। তথ্য প্রযুক্তির এই মহাসড়কে আমাদের তথ্য প্রযুক্তির উপাদানের মহাযান সমূহের বিচরণকে দৃষ্টি নন্দিত ও চোখে পড়ার মত করতে যা করনীয় তা অবশ্যই করতে হবে। কারণ আগামীতে তথ্য প্রযুক্তির ব্যবহার আগ্রহী প্রজন্ম যাহাতে বিশ্বমঞ্চে নেতৃত্বে তাদের স্ব স্ব ক্ষেত্রে অবদান রাখতে পারে তার জন্যে সার্বিক সমন্বিত পরিকল্পনা ও বাস্তব ভিত্তিক কার্যক্রম আবশ্যক। তাই সরকারি ও বেসরকারি উদ্যোগের মাধ্যমে শিক্ষা, যোগাযোগ, গবেষণা, বিচার, স্বাস্থ্য, বাণিজ্য, ব্যাংক, বীমা, এনজিও, কৃষি, মৎস্য, শিল্প, শ্রম, তথ্য, খাদ্য, সংস্কৃতি ইত্যাদি কার্যক্রমের ক্ষেত্রে সকল মন্ত্রনালয়ের দপ্তর/অধিদপ্তর /পরিদপ্তর/বিভাগ/সংস্থা/কর্পোরেশন/কাউন্সিল/ইনস্টিটিউট/বোর্ড/একাডেমি/এজেন্সী/কমিশন/ব্যুরো/কোম্পানী/ফার্মস/ফাউন্ডেশন/ট্রাস্ট/সমিতি/ সংগঠন/সংঘ/এনজিও/ক্লাব সমূহের পৃষ্ঠপোষকতা অত্যন্ত আবশ্যক।

বর্ণানুসারে মন্ত্রণালয় সমূহের আওতাধীন সকল প্রতিষ্ঠান সমূহের স্বচ্ছতা ও জবাবদিহিতাসহ কেন্দ্রীয় নিয়ন্ত্রন নিশ্চিৎ করার লক্ষ্যে প্রতিটা প্রতিষ্ঠানের অধীনে **.bd ও .বাংলা** ডোমেইন নিবন্ধন পূর্বক কি কি অপশন থাকবে তার নির্দেশনাসহ প্রতিটি প্রতিষ্ঠান এর নামে ডায়নামিক ওয়েবসাইট তৈরি করার জন্য আদেশপত্র জারী করাও জরুরী।

আজকের দিনে ওয়েব ভিত্তিক তথ্য আদান, প্রদান ও ব্যবহার যে গন্ডিতে রয়েছে, অদূর ভবিষ্যতে এই গন্ডির আর সীমারেখার দেওয়াল থাকবে না। কারণ অদূর ভবিষ্যতে প্রতিটি ছোট/বড় প্রতিষ্ঠানের দর্পণ হবে তার নিজস্ব ওয়েবসাইট। প্রতিটি প্রতিষ্ঠানের নাগরিক সেবার সকল তথ্য/উপাত্ত থাকবে তার নিজস্ব ওয়েবে। বর্তমান সময়ে ইন্টারনেট সেবা এত সহজলভ্য ও ব্যাপকতা লাভ করেছে যে, সেবা সমূহ গ্রাহক দ্বারপ্রান্তে নিতে ওয়েবসাইটের অনলাইনের বিকল্প অন্য কোন সহজ মাধ্যম/ব্যবস্থা ভাবার কোন অবকাশ নেই। তাই এখন থেকেই বাংলাদেশ সরকারের .bd ও .বাংলা ডোমেইন এর সর্বোত্তম ও সর্বক্ষেত্রে ব্যবহার নিশ্চিৎ করতে হবে। তা না হলে বিদেশী ডোমেইন নিবন্ধন বৃদ্ধি পাবে, ফলে এক দিকে সরকার রাজস্ব হারাবে আরেক দিকে দেশের টাকা অবাধে বিদেশে পাচার হবে। পরিণামে সরকারের এই সাইবার জগতের আভিজাত্যের প্রতীক .bd ও .বাংলা ডোমেইন মাধ্যমে সেবার অপার সম্ভাবনা তথা অনলাইন ভিত্তিক স্বয়ংক্রিয় ব্যবস্থায় নিজস্ব সম্পদের সুষ্ঠ ব্যবহার ব্যাহত হবে। তাই দেশের একমাত্র সাইবার জগতের অভিজাত মিডিয়া ও মাধ্যম .bd ও .বাংলা ডোমেইনকে সাইবার জগতে প্রচার ও প্রসার যথাযথ ভাবে না করলে সরকার ঘোষিত ডিজিটাল বাংলাদেশ গঠন কোনভাবেই পূর্ণতা পাবে না। কারণ দেশকে এগিয়ে নিতে হলে অবশ্যই দেশের সম্পদ ও কারিগরী উৎসকে সঠিক ও সর্বোত্তম ব্যবহার নিশ্চিৎ করতে হবে। অন্যথায় আইটি সেবার জগতে বাংলাদেশ গতি হারাবে এবং প্রকারান্তে পিছিয়ে পড়বে। তাই .bd ও .বাংলা ডোমেইন যেন বিদেশী ডোমেইন এর তোড়ে হারিয়ে না যায়, তার দিকে খেয়াল রেখে .bd ও .বাংলা উভয় ডোমেইনই সকল প্রতিষ্ঠানের জন্য নিবন্ধন (Registration) তথা ওয়েবভিত্তিক সেবা চলমান রাখার ব্যবস্থা করতে হবে। এখানে উল্লেখ্য যে, ডোমেইন নিবন্ধন বাধ্যতামূলক করনের নজির পৃথিবীর বেশ কিছু দেশে রয়েছে।

যদি সকল প্রতিষ্ঠানের ওয়েব সাইটের জন্য .bd ও .বাংলা বাধ্যতামূলক করা যায় তাহলে বাংলা ভাষার ঐতিহাসিক দাবী বহুলাংশে পূরণ হওয়ার পথ সুগম হবে। অপরদিকে বাংলা ভাষার ব্যবহারের মাধ্যমে ডোমেইন ও ওয়েব ডিজাইন বৃদ্ধি পাওয়ার সাথে সাথে এ সংশ্লিষ্ট তথ্য ও কারিগরী সেবায় সৃজনশীল কর্মসংস্থান তৈরিতে নতুন মাত্রা সংযোজিত হবে। দেশের সকল সরকারি/বেসরকারী/ স্বায়ত্তশাসিত/ আধা সরকারি ও রাষ্ট্রায়ত্ব প্রতিষ্ঠান সমূহের ওয়েবসাইট .bd ও .বাংলা ডোমেইন ব্যবহারকরণ ও ইংরেজি ভাষার পাশাপাশি বাংলা ভাষায় ওয়েবসাইট তৈরির মাধ্যমে বাংলাদেশের নিজস্ব পরিচয়কে ইন্টারনেট জগতে সু-প্রতিষ্ঠিত করা যাবে। ইহা ছাড়াও দেশের ডোমেইন ব্যবহারে উৎসাহ প্রদানের মাধ্যমে প্রতি বছর বিপুল পরিমাণে বৈদেশিক মূদ্রা সাশ্রয় করা সম্ভব হবে।

অতএব সরকারের মন্ত্রনালয়ের সমূহের স্বয়ংক্রিয় অনলাইন ভিত্তিক সেবা কার্যক্রম ব্যবস্থা সচল রাখার নিমিত্তে নিম্নে লিখিত প্রস্তাবনা সমূহ অবিলম্বে বাস্তবায়ন করলে মাননীয় প্রধানমন্ত্রীর ঘোষিত **"ডিজিটাল বাংলাদেশ"** বিনির্মানের সুবাদে তৃণমূল পর্যায়ের জনগণ যে সুফল ভোগ করবে, তাতে করে ওয়েববেইজ স্বয়ংক্রিয় সেবা ভিত্তিক কার্যক্রম টেকসই অবস্থার সৃষ্টি হবে।

প্রস্তাব-১। প্রতিটি প্রতিষ্ঠানের জন্য .bd ও .বাংলা ডোমেইন নিবন্ধন বাধ্যতামূলক করতঃ উহা চলমান রাখার জন্য নির্দেশপত্র জারীসহ পর্যায়ক্রমে ওয়েবসাইটের তথ্য ইংরেজী ভাষার পাশাপাশি বাংলা ভাষায় রুপান্তর করতে হবে।

প্রস্তাব-২। ডোমেইন নিবন্ধনসহ ওয়েব ডিজাইনের ক্ষেত্রে গতিশীলতা ও শৃংখলা আনয়নের লক্ষ্যে জেলা পর্যায়ে ৩ বা ততোধিক সদস্য বিশিষ্ট গঠিত কমিটির নিবিড় তদারকির মাধ্যমে ওয়েবসাইট তৈরী ও চলমান রাখার জন্য যথাযথ ব্যবস্থা নিতে হবে।

প্রস্তাব-৩। কমিটি দেশের স্বনামধন্য ও অভিজ্ঞ আইটি প্রতিষ্ঠানের কাগজপত্র যাচাই করতঃ একাধিক প্রতিষ্ঠান হতে সমতার ভিত্তিতে প্রতিযোগীতার মাধ্যমে ওয়েব সাইট তৈরীর কার্যাদেশ প্রদানে ব্যবস্থা নিশ্চিৎ করবেন।

প্রস্তাব-৪। জেলা সমন্বয় সভায় জেলা প্রশাসক সংশ্লিষ্ট কর্মকর্তাগণদের নির্দেশনা প্রদান করলে বিষয়টির বাস্তবায়ন পথ সুগম হবে।

প্রস্তাব-৫। উক্ত কার্যক্রমে বিটিসিএল এর জেলা পর্যায়ের কর্মকর্তাগণ সার্বিক সহযোগিতা করবেন।

উপরোক্ত প্রস্তাবনা সমূহ দেশ ও জাতির স্বার্থে বাস্তবায়নের জন্য পরবর্তী প্রয়োজনীয় কার্যকর ব্যবস্থা গ্রহনের অনুরোধ করা হল।

(মাহফুজ উদ্দিন আহমদ)
ব্যবস্থাপনা পরিচালক
ফোনঃ 02-48311500

নথিঃ ১৪. ৩৩.০০০০. ০৪৬. ১৮. ০০[illegible] তারিখঃ [illegible]

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

০১. মাননীয় প্রতিমন্ত্রী, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।

০২. মূখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।

০৩. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।

০৪. সচিব, ........... সকল মন্ত্রনালয়, বাংলাদেশ।

০৫. প্রকল্প পরিচালক, **a2i**, প্রধানমন্ত্রীর কার্যালয়।

০৬. বিভাগীয় কমিশনার, .......... সকল বাংলাদেশ।

০৭. জেলা প্রশাসক, .......... সকল বাংলাদেশ।

(তার অধিনস্ত জেলা পর্যায় কর্মকর্তাগণসহ সকল উপজেলা নির্বাহী কর্মকর্তাদের অনুরুপ নির্দেশনা প্রদানের নিমিত্তে)

০৮. বিটিসিএল-এর প্রধান কর্মাধ্যক্ষ পর্যায়ের কর্মকর্তা ........ সকল বাংলাদেশ।

০৯. বিটিসিএল-এর বিভাগীয় পর্যায়ের কর্মকর্তা ........ সকল বাংলাদেশ।

(উপর বর্ণিত কাজে জেলা প্রশাসকগণদের সার্বিক সহযোগিতা প্রদানের নিমিত্তে)

১০. অফিস নথি।